"নববর্ষে অনুভাবী মূর্ত হয়ে সবাইকে অনুভাবী বানাও"

(শান্তিবন ডায়মন্ড জুবিলী হলের উদ্বোধন উপলক্ষ্যে)

আজ বাপদাদা দৃষ্টি দ্বারা সর্বতোভাবে তৃপ্ত করে তোমরা সব অতি স্নেহী, সহযোগী, স্নেহে লাভলীন বাচ্চাদের দেখছেন। প্রত্যেক বাচ্চার মস্তকে, হৃদয়ে স্নেহের লক্ষণ প্রতীয়মান হচ্ছে। (হলে উপস্থিত পিছনে বসা ভাই-বোনেদের প্রতি) তোমরা ভাববে যে আমরা পিছনে রয়েছি তাই আমাদের দেখা যায় না কিন্তু বাপদাদার নয়নে এমন অভিনব টি.ভি. রয়েছে যার দ্বারা দূরের জিনিসও সামনে দেখা যাচ্ছে। হতে পারে কোথাও কোনো কোণে বসে আছো কিন্তু বাবার সামনেই আছো। এখন তো তবুও আরামে বসে আছো, তাই না। (সকলে হাততালি দিলো) আজ অনেক উৎসাহ-উদ্দীপনা আর খুশি রয়েছে, সেটাই তো তালি সহযোগে দেখাচ্ছে। কিন্তু বাপদাদা তোমাদের হৃদয়ের খুশিকে জানেন। বাপদাদা দেখছেন যে সহযোগ দেওয়ার প্রমাণ দিতে প্রত্যেক বাচ্চা খুব খুশি হয়, সেইজন্য হাজার হাজার বাহু দেখানো হয়েছে। তাইতো, বাহুসমূহ সহযোগের লক্ষণ। বাপদাদা জানেন এক-এক বাচ্চা চতুর্দিকে দেশে কি বিদেশে সকলেই হয় ধন দ্বারা, অথবা মন দ্বারা কিংবা তন দ্বারা অবশ্যই সহযোগ দিয়েছে। আর আজ তোমাদের সকলের সহযোগের প্রমাণ তোমরা আরামে বসে দেখছো তো বটেই শুনছোও। এখন বেশি তালি বাজিও না। তোমাদের খুশির, মনের সব তালি বাপদাদার কাছে পৌঁছে গেছে।

দেখো, আজ দু'টো বিশেষত্ব রয়েছে। এক, এই শান্তিবনকে সবাই, যারা উৎসাহ-উদ্দীপনার সাথে বানিয়েছে, বাপদাদার সাথে সাথে তোমরা বাচ্চারাও তার উদ্বোধন করছো এবং আজ ড্রামা অনুসারে আজ নতুন বছরও শুরু হতেই চলেছে, সেইজন্য বাপদাদা সব বাচ্চাকে নিজের দু'বাহুতে সমাহিত করে দুটির উপলক্ষেই অভিনন্দন জানাচ্ছেন। আর যেভাবে এখন এই সময় সাকার রূপে বাবার সঙ্গে উৎসাহ - উদ্দীপনায় খুশিতে আত্মসন্তুষ্টিতে হেলছো দুলছো, ঠিক সেভাবেই নতুন বছরে সদা অব্যক্ত রূপে সাথী মনে করে অনুভব করবে - এই সাথের অনুভব খুব মনোরম। বাপদাদারও বাচ্চাদের ছাড়া ভালো লাগে না। (মাইক বন্ধ হয়ে গেছে) প্রথম প্রথম অনুভব তাই না, সেইজন্য এটাও ড্রামার খেলা মনে করো, কোনও ঘটনা উপর-নিচে হচ্ছে মনে ক'রো না। ভালো আছে আর ভালোই থাকবে। খুব ভালো, খুব ভালো করতে করতে তোমরাও ভালো হয়ে যাবে আর ড্রামার প্রতিটা সীনও ভালো হয়ে যাবে। কেননা, তোমাদের ভালো হওয়ার ভাইব্রেশন যে রকম সীনই হোক, নেগেটিভকে পজিটিভে বদলে দেবে, এতটাই শক্তি তোমরা সব বাচ্চার মধ্যে রয়েছে, শুধু ইউজ করো। শক্তি অনেক আছে, সময়মতো ইউজ করে যদি দেখো তাহলে খুব ভালো ভালো অনুভব করবে।

এই নতুন হল্ আর নতুন বছর, তাহলে এতে কী করবে? নতুন বছরে কিছু নবীনত্ব করবে তো না! তো এই বছর অনুভাবী মূর্ত হয়ে অন্যদেরও অনুভব করানোর বছর। বুঝেছো - কী করতে হবে? অনুভব করতে হবে। বাণীর দ্বারা বর্ণন তো করেই থাকো কিন্তু প্রত্যেক বাচ্চাকে সব শক্তির, সব গুণের অনুভব করতে হবে। তোমরা অনুভাবী মূর্ত তো না! অনুভাবী মূর্ত নাকি বাণী মূর্ত তোমরা? অনুভাবী হলেও এই বছরে কিন্তু এমন কোনও বাচ্চা যেন না বলে যে, আমার এই ব্যাপারে তো অনুভব আছে, কিন্তু এই ব্যাপারে অনেক কম অনুভব রয়েছে। এইরকম কোনও বাচ্চা যেন না থাকে। কারণ জ্ঞানের অর্থই হলো কেবল বুঝতে পারাই নয়, বরং অনুভব করা এবং যতক্ষণ অনুভব না করেছো ততক্ষণ অন্যদেরও অনুভাবী বানাতে পারবে না। যদি তোমাদের স্থিতি বাণী পর্যন্ত হয়, অনুভব পর্যন্ত না পৌঁছায় তবে যে আত্মাদের জন্য তোমরা সেবার নিমিত্ত হয়ে থাকো তারাও বাণীর দ্বারা খুব ভালো, খুব ভালো, চমৎকার - এই পর্যন্তই পৌঁছায়। অনুভাবী হবে - তারা কোটিতে কয়েক, কয়েকের মধ্যেও কেউই হয়, তাছাড়া প্রত্যক্ষতার আধার হলো অনুভব। অনুভব করা আত্মারা কখনও বায়ুমন্ডল তথা সঙ্গের রঙে যেতে পারে না। যারা কেবল বাণীর প্রভাবে থাকে তারা কখনো নাচবে আর কখনো চিন্তার মধ্যে পড়ে যাবে, অনুভব অর্থাৎ মজবুত ফাউন্ডেশন। অর্ধেক অনুভব হয়েছে তো ফাউন্ডেশন অর্ধেক পাকা হয়েছে, তার লক্ষণ হলো সে ছোট বড় বিষয়ে নড়বে, অটল হবে না। কেননা, ভবিষ্যতের সমস্ত পরিস্থিতি তথা সমস্যা প্রবল হয়ে যায়, সেইজন্য যারা অপূর্ণ ফাউন্ডেশনের তারা নড়বড়ে হয়, পতন হয় না কিন্তু নড়বড় করে। সুতরাং প্রথমে এই বছরে নিজের অনুভাবী মূর্ত হওয়ার ফাউন্ডেশন মজবুত করো। অনেক বাচ্চা আজ খুব ফাস্ট চলছে আর কাল মুখের চেহারা একটু খানি পরিবর্তন হয়ে যায়। কারণ? অনুভবের ফাউন্ডেশন মজবুত নয়। অনুভব করা আত্মারা যত বড় সমস্যাই হোক, এমন ভাবে সমাধা করবে যেন কিছুই হয়নি। এসেছিল আর নিজের পার্ট প্লে করেছে, কিন্তু সাক্ষী হয়ে, স্বতন্ত্র অথচ

প্রিয় হয়ে তারা খেলার সমান দেখবে। পরিস্থিতি নয়, খেলা - মনোরঞ্জন। মনোরঞ্জন ভালো লাগে তো না? সুতরাং যে কোনও বিষয়ই হোক, তোমাদের জন্য সেটা বড় ব্যাপার তখনই মনে হয় যখন ফাউন্ডেশন একটুখানিও কাঁচা থাকে। হতে পারে ৭৫% মজবুত, ৯০% মজবুত তবুও টলে যাওয়ার চান্সের সম্ভাবনা রয়েছে। বাচ্চাদের পরিশ্রম অর্থাৎ যুদ্ধ করা বাপদাদার ভালো লাগে না। কেন পরিশ্রম, কেন যুদ্ধ? যোগীর বদলে কী তোমরা যোদ্ধা হতে চাও নাকি যোগী আত্মা তোমরা? যুদ্ধ করার সংস্কার চন্দ্রবংশে নিয়ে যাবে। তাহলে, কী হতে হবে তোমাদের, সূর্যবংশী নাকি চন্দ্রবংশী হতে হবে? সূর্যবংশী হতে চাইলে যুদ্ধ শেষ। এই বছরে যুদ্ধের পরিসমাপ্তি ঘটেছে? এই ব্যাপারে তোমরা হ্যাঁ বলো না! জিজ্ঞাসা করলে বলো! বাপদাদা তো না দেখেও বাচ্চাদের রেজাল্ট দেখে নেন, সব সময়ের রেজাল্ট নয়ন-সমুখে নেই কিন্তু হৃদয়ে এসেই যায়। এখানে সাকার বতনে যখন তোমরা অল্প অল্প কিংবা অনেক টলতে থাকো তখন ওখানে বতনে বাবার অনুভব হয় যে কেউ টলমল করছে। সেইজন্য যেরকম শান্তিবনের খুশি থাকে, হলের খুশি থাকে সেরকম বাপদাদা এবং এত বড় সংগঠনের মাঝে এই প্রতিজ্ঞা করো যে এই বছরে অস্থিরতার ঊর্ধ্বে হবে এবং অটল-অনড় হতেই হবে, হবো নয়, হতেই হবে। এইরকম হয়েছে? এমন নয় যে ভাববে, করবে, দেখবে, এইভাবে - যারা মনে করে হতেই হবে, তারা হাত তোলো। আচ্ছা - অভিনন্দন আর যারা কোনো কারণে হাত তোলোনি, এইরকম হতে পারে না যে তোমরা হবে না, কিন্তু কিছু কারণে হয়তো তোলোনি তারা হাত তোলো। লজ্জা হয় তুলতে, যখন হাত তুলতে লজ্জা লাগে তবে এটা (ওঠানামা করা) করার সময়ও তোমাদের লজ্জা বোধ করা উচিত। ভাবো যে এটা লজ্জিত হওয়ার বিষয় নয়, তবে লজ্জা হবে না। মজবুত হয়ে যাবে, কেননা, কিছু বাচ্চা বারবার জিজ্ঞাসা করে, হয় নিমিত্ত বাচ্চাদেরকে কিংবা আত্মিক আলাপচারিতায় বাপদাদাকে একই কোশ্চেন করে, বাবা বিনাশের ডেট বলে দাও। তোমাদের সবার কোশ্চেন রয়েছে না? আচ্ছা বাপদাদা বলছেন ডেট বলে দেবেন - ধরে নাও ২০০০-এ পুরো হবে, তাহলে কী করবে? এটা কোনো ডেট জানাচ্ছেন না, মিস-আন্ডারস্ট্যান্ড ক'রো না। বাপদাদা জিজ্ঞাসা করছেন যে মনে করো ২০০০ পর্যন্ত সময়-সীমা তোমাদেরকে বলছেন, তাহলে কী করবে? টালবাহানা করবে নাকি তীব্র পুরুষার্থী হবে? তীব্র পুরুষার্থী হবে! বাপদাদা আরও জিজ্ঞাসা করছেন যে, এই বছরে দোলাচল হবে তখন তাহলে কী করবে? আরও তীব্র পুরুষার্থ করে নেবে? নাকি অল্প অল্প ডেট কনশাস হয়ে যাবে, গুনতে থাকবে যে এত সময় পুরো হয়েছে, এক মাস পূর্ণ হয়েছে, এক বছর পূর্ণ হয়েছে, বাকি এত মাস রয়েছে!... তো ডেট কনশাস হবে নাকি সোল কনশাস হবে? কী করবে? টালাবাহানা করবে না তো? এইরকম ভাববে না তো যে এখনও তো চার বছর পড়ে রয়েছে? কী আছে, লাস্ট বছরের মধ্যে করে নেবো - এই রকম টালাবাহানা করবে না তো নাকি একটু আধটু এই রকম হয়ে যাবে? তোমরা হয়তো হতে চাইবে না, কিন্তু মায়া তো শুনছে, সে তোমাদের সামনে এমন এমন পরিস্থিতি নিয়ে আসবে যে আলস্য, টালাবাহানা করা মাঝে মাঝেই নিয়ে আসবে, তখন কি করবে? সেইজন্য বাপদাদা আগেও বলেছেন যে, ডেট কনশাস হয়ো না, বরং প্রতিটি মুহূর্ত হলো অন্তিম মুহূর্ত, এতখানিই প্রতি মুহূর্তে এভাররেডি থাকো। আচ্ছা মনে করো বাপদাদা বলছেন ২ হাজার সালের পরে হবে, চলো তোমরা মেনে নিলে, রিয়েল নয়, কিন্তু মেনে নিলে, তোমরা তো দু হাজারে সম্পূর্ণ হলে আর তবে অন্যদেরকে কবে বানাবে? সত্যযুগে বানাবে নাকি? যারা বানাবে তারা হলো অল্প আর যারা হবে তাদের সংখ্যা বেশী। তাদের জন্যও সময় চাই, নাকি চাই না? আগের সীজনেও জানতে চেয়েছিলাম যে, অন্ততপক্ষে সত্যযুগের আদির ৯ লাখ তৈরী হয়েছে? যদি না হয় তবে বিনাশ কী করে হবে? কাদের উপরে রাজত্ব করতে? পুরানো আত্মাদের উপরে রাজত্ব করবে? নতুন আত্মারা তো তৈরী হয়নি আর বিনাশ হয়ে গেলো তখন তাহলে কী করবে? সেইজন্য বাপদাদা এই কাজটা নিজের বাচ্চাদের উপরে যারা নিজেরা তো জ্যোতিষী না? তাদের উপরেই রেখে দিয়েছেন। যেটা জ্যোতিষী করতে পারে সেটা তাহলে বাবা কেন করবেন? তবুও বাবারই বাচ্চা যে, তাদেরকে কিছু রোজগার করতে দেওয়া যাক। তাদের উপার্জনের সাধন তো এটাই। কারো যদি বেশী তাড়া থাকে তাহলে তারা ওদেরকে জিজ্ঞাসা করো। বাবা বলবেন না।

বুঝেছো - এই বছর কী করতে হবে? অনুভাবী মূর্ত। কোনো কোনো বাচ্চা আন্তরিক আলাপচারিতা করে, বলে বাবা কী করবো, এতখানি তো হয়ে গেছে, বাকি এতটা তুমি করে নাও। রাজত্ব আমি করবো কিন্তু সম্পূর্ণ তুমি বানিয়ে দাও। এই রকম হবে কী? বাবা অবশ্য সহায়ক থাকবেন, অন্তিম সময় পর্যন্ত থাকবেন, এই গ্যারান্টি রয়েছে। কিন্তু কাদের সহায়ক হবেন? যারা সাহসের পা বাড়াবে। তখন বাবা সহায়তার দ্বিতীয় পা'কে উত্থিত করতে সহায়তা করবেন। সাহসিকতার একটি পা'কেও অগ্রসর করলে না আর শুধুই যদি বলো যে, বাবা তুমি করে নাও, বাবা তুমি করে নাও! তো বাপদাদাও বলবেন - দেখবো, আগে পা তো রাখো। এক পাও রাখলে না তবে কী করে হবে? সেইজন্য এই বছরে সব সময় এটা চেক করো যে, সাহসিকতার পা মজবুত আছে তো? বাবাকে বলার পূর্বে এটাকে চেক করো। সাহসের পা'কে অগ্রসর করলে আর সহায়তা পেলে না, এটা অসম্ভব। কেবল একটু সাহসের পা'কে অগ্রসর করো। সেইজন্য গাওয়া হয়েছে প্রথম শব্দটা কী আসে? সাহস বাচ্চাদের, সহায়তা বাবার। একে উল্টো করে দিও না - বাবার সহায়তা আর তারপর সাহস বাচ্চাদের।

বাবা তো মৃদু মৃদু হাসতে থাকেন যে, বাঃ আমার আদরের বাচ্চারা বাঃ! নিশ্চয়ের সাথে সাহসের পা'কে একটু অগ্রসর করলে তখন বাবা পদমগুণ সহায়তার জন্য প্রতিটি বাচ্চার জন্য সব সময় প্রস্তুত রয়েছেন।

আচ্ছা, নতুন বছরে আর কী করবে? এখনও পর্যন্ত সেবার একটি বিষয় থেকে গিয়েছে। সেটি কোনটি? গীতার ভগবান তো হয়ে যাবে, কিন্তু বাপদাদা বিগত বছরে প্রতিটি জোনকে বলেছিলেন যে, স্নেহী, সহযোগী, সম্পর্কে আসা আত্মা তো অনেক হয়ে গেছে আরো হবেও। কিন্তু এখন উত্তরাধিকারীদেরকে নিয়ে এসো। উত্তরাধিকারী কম আসছে। উত্তরাধিকারী কম তৈরী হচ্ছে, কারণ বাপদাদা প্রতিদিন প্রতিটি সেবা কেন্দ্রের রেজাল্ট দেখে থাকেন। তো চতুর্দিকের রেজাল্টে উত্তরাধিকারী কম রয়েছে। স্নেহী, সহযোগী ভালোই রয়েছে, কিন্তু তাদের অগ্রচালিত করো অথবা যে কোনো নতুন যারা তাদেরকে, লাস্টে যারা এসেছে, তাদেরকে ফাস্ট করে উত্তরাধিকারীর কোয়ালিটি বাবার সমুখে নিয়ে এসো। কেউ কেউ বেরিয়েও আসে, কিন্তু তাদের সংখ্যা অত্যন্ত কম। যখন তোমরা চাও যে ২০০০ সালের মধ্যে পরিবর্তন হোক, তোমরা সকলেই যখন এমনটাই চাও, তবে উত্তরাধিকারী কতজনকে বানিয়েছো? সত্যযুগের প্রজাও রয়্যাল চাই। তার সংখ্যাও এখন কম। প্রজা তৈরী হয়েছে, এই যে এখন অনেক প্রকারের কনফারেন্স তোমরা করেছো বা বাইরে স্টেজে যে যে প্রোগ্রাম তোমরা পেয়েছো, এই বছর প্রভাব আর প্রজা এই রেজাল্টটা ভালো। কিন্তু বাপদাদা কী চান? এখন উত্তরাধিকারীর কোয়ালিটি তৈরী করো। এখানে উত্তরাধিকারী তৈরী করবে তবেই তো অ্যাডভান্স পার্টিও প্রত্যক্ষ হবে আর বাবার নামের, প্রত্যক্ষতার জয়ঢাক চতুর্দিকে বাজবে। এখনও পর্যন্ত হওয়া রেজাল্ট বলছে, এরা ভালো কাজ করছে কিম্বা কেউ কেউ বলছে তোমরাই এ'সব করতে পারবে, কিন্তু পরম আত্মার দিকে অ্যাটেনশন যাবে, পরম আত্মার এই কার্য চলছে, সেটা এখন ইনকগনিটো (গুপ্ত) রয়েছে। বাচ্চারা নিজেদের শক্তিতে, স্নেহের দ্বারা বাবাকে প্রত্যক্ষ করবার জন্য ভালো পুরুষার্থ করছে। কিন্তু এখন যতক্ষণ পর্যন্ত তারা কেবল স্নেহী আর সহযোগী, ততক্ষণ পর্যন্ত বাবার প্রত্যক্ষতা কার্যে পরিণত হবে না। খুব ভালো যে তোমরা এই পর্যন্ত আসতে পেরেছো, কিন্তু সকলের মুখ থেকে এবার এটা নির্গত হোক - "ব্যস্ এখন সময় এসে গেছে, বাবা এসে গেছেন, তবে বিনাশও এসে যাবে।" তো বাবা বলেন যে, বাবাকে জিজ্ঞাসা ক'রো না যে বিনাশ কবে হবে? বাবা তোমাদেরকে জিজ্ঞাসা করেন যে, তোমরা কবে তৈরী হবে? পর্দা খুলবে এবার? প্রস্তুত তোমরা? নাকি পর্দা খুলে গেলো আর তোমরা তখন তৈরী হয়েই চলেছো? অন্ততপক্ষে ১৬১০৮ পরিপক্ক রত্নকে তো প্রত্যক্ষ করো, মালা তো বানাও। বাবাও তো দেখুন যে বাচ্চারা তৈরী? এইটুকু মার্জিন রয়েছে, এর বেশী বলতে পারবেন না বাবা। ৯ লাখ এর কথা বলছেন না, ১৬১০৮ এর মালা বানাও। তো এই বছর বানাও, বাপদাদা দেখবেন যে, ১৬১০৮ এর নির্বিঘ্ন, অবিচল মালা প্রস্তুত হয়েছে নাকি এখনও একটু একটু টালমাটাল রয়েছে? একটু আধটু খেলা এখনও দেখাচ্ছে? পান্ডব কী মনে করে? বলো, তৈরী তোমরা? দাদীরা তো বলছেন - হ্যাঁ। সকল শক্তিরা হ্যাঁ বলছে? ১৬১০৮ তৈরী? আচ্ছা ১৮ তারিখে মালা বানিয়ে দিও। হাত তুলতে বলা হলে সভার অর্ধেকই বলবে ১৬ হাজারের মধ্যে রয়েছে। যারা মনে করে যে, আমরা ১৬ হাজারে রয়েছি, তারা দাদীদেরকে নিজের নোট লিখে দেবে যে, আমি ১৬ হাজারে আছি নাকি ১০৮ এ আছি? এরপর দাদীরা পাস করবেন। এই রকম ভেবো না যে, নোট লিখে তো দিয়ে দিয়েছি। আগে এনারা পাস করাবেন তারপর বাপদাদা পাস করাবেন, তারপর ফাইনাল রেজাল্ট বলা হবে। আচ্ছা।

চতুর্দিকের সকল উৎসাহ উদ্দীপনার সাথে অগ্রসর হওয়া, সর্বদা ইকোনমির অবতার হয়ে সময়, সংকল্প, বাণী আর কর্মকে সঞ্চয়ের খাতাতে জমা করে থাকা, সাকার বা আকার রূপে নব বর্ষ পালনকারী হারানিধি বাচ্চারা, বাপদাদা দেখছেন যে, চতুর্দিকের বাচ্চারা, সাকারে নয়তো আকার রূপে মধুবনেই রয়েছে আর আকার রূপে পালন করছে। তো সকলকে বাপদাদা নব বর্ষের, শান্তিবনের স্থাপনার অভিনন্দন আর স্মরণের স্নেহ-সুমন প্রদান করছেন। সকল সন্তুষ্ট মণিদেরকে নমস্কার।

*বরদানঃ-* নিজের আদি অনাদি স্বরূপের স্মৃতির দ্বারা সর্ব বন্ধনকে সমাপ্তকারী বন্ধনমুক্ত স্বাধীন ভব

আত্মার আদি অনাদি স্বরূপ হলো স্বাধীন সে। মালিক সে। এ তো পরবর্তীকালে পরাধীন হয়েছে। সেইজন্য নিজের আদি আর অনাদি স্বরূপকে স্মৃতিতে রেখে বন্ধনমুক্ত হও। মনের বন্ধনও যাতে না থাকে। যদি মনেরও বন্ধন থাকে তবে সেই বন্ধন আরও বন্ধনকে নিয়ে আসবে। বন্ধনমুক্ত অর্থাৎ রাজা, স্বরাজ্য অধিকারী। এইরকম বন্ধনমুক্ত স্বাধীন আত্মারাই পাস উইথ অনার হতে পারবে অর্থাৎ ফার্স্ট ডিভিশনে আসবে।

*স্লোগানঃ-* মাস্টার দুঃখ হর্তা হয়ে দুঃখকেও আত্মিক সুখে পরিবর্তন করাই হলো সত্যিকারের সেবা।

Normal;heading 1;heading 2;heading 3;heading 4;heading 5;heading 6;heading 7;heading 8;heading

